


# কুমির দেখলে কী করবেন এবং কী করবেন না

| কী করবেন! | কী করবেন না! |
| --- | --- |
| কুমির আছে এমন কোনো জায়গায় গেলে বাড়তি সতর্ক থাকুন এবং জলের খুব কাছে যাওয়া থেকে বিরত থাকুন | কুমিরকে খাওয়াবার বা উত্যক্ত করার চেষ্টা করবেন না। খুব কাছাকাছি যাওয়ার চেষ্টা করবেন না কারণ এরা খুব দ্রুত আক্রমণ করতে পারে |
| কুমির দেখতে পেলে আপনার দলকে সতর্ক করুন। শান্ত থাকুন এবং প্রাণীটি থেকে দূরত্ব বজায় রাখুন | কুমির আছে এমন জলাশয়ে সাঁতার বা জলক্রীড়া করবেন না |
| কুমির আছে এমন কোনো জায়গায় সতর্ক থাকুন এবং হাঁটা ও নৌকার নীচে নামা থেকে বিরত থাকুন। যদি জলে যেতেই হয়, তাহলে নৌকা ব্যবহার করুন এবং আপনার হাত এবং পা সুরক্ষিত রাখুন | কুমির আছে এমন এলাকায় চার পায়ের অঙ্গভঙ্গি করবেন না, এতে কুমির আপনাকে চতুষ্পদী প্রাণী ভাবতে পারে |
| নদী তীরবর্তী এলাকায় শুধুমাত্র দিনের বেলা যান | কুমির আছে এমন জলাশয়ে স্নান বা কাপড় কাচবেন না। ওই রকম এলাকায় মাছ, কাঁকড়া, শামুক, ঝিনুক বা চিংড়ি ধরা থেকে বিরত থাকুন |
| গবাদি পশুকে নদীর তীর থেকে কিছুটা দূরে চরান, যাতে পশুগুলি কুমিরের নাগালের মধ্যে না আসে | নদীর তীরে শৌচ করবেন না |
| কুমির যদি কিছুটা দূর থেকে আক্রমণ করে, তাহলে জোরে চিৎকার করুন যাতে আশপাশের লোক শুনতে পায় এবং তারপর দৌড়ে পালান বা গাছে উঠে পড়ুন | জল নেওয়ার জন্য প্রতিদিন নদীর ধারের একই জায়গায় যাওয়া থেকে বিরত থাকুন |
| অপরিচিত জলাশয়ে যাওয়ার আগে স্থানীয় মানুষের কাছে কুমিরের উপস্থিতি সম্বন্ধে জানুন | জনবসতির আশপাশের জলাশয়ে মাছ বা মাংসের বর্জ্যপদার্থ ফেলবেন না। কুমির এগুলির প্রতি আকর্ষিত হতে পারে |
| কুমির এলাকার সমস্ত সতর্কতা এবং উপদেশমূলক বিজ্ঞপ্তি মেনে চলুন এবং নির্দিষ্ট পথেই চলুন | সংশ্লিষ্ট আধিকারিকের অনুমতি ছাড়া এবং গাইড ছাড়া কুমির সংরক্ষণ এলাকায় প্রবেশ করবেন না |
| জনবসতি এলাকায় কুমির দেখতে পেলে প্রাণীটিকে নজরে রাখুন। প্রাণীটিকে বিরক্ত না করে বনদপ্তরে খবর দিন | জলাশয়ের কাছাকাছি মাটির ঢিবির কাছে যাবেন না। কুমির এইরকম ঢিবিতে ডিম পাড়ে এবং ডিম বাঁচানোর জন্যে আক্রমণ করতে পারে |
| কুমির দ্বারা আক্রান্ত ব্যক্তিকে তৎক্ষণাৎ নিকটবর্তী স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যান | প্রতিশোধ নিতে কুমিরকে আক্রমণ করবেন না। দ্রুত বনদপ্তরে খবর দিন |

ভারতে মানব-বন্যপ্রাণী সংঘাত প্রশমনে ইন্দো-জার্মান সহযোগিতা
২০১৭-২০২৩
একটি সমন্বয়পূর্ণ সহাবস্থান গ্রহণে
ভারতে মানব-বন্যপ্রাণী সংঘাত প্রশমনের পদ্ধতি